# এইচএসসি পরীক্ষা ২০১৮ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**অর্থনীতি-প্রথম পত্র** বিষয় কোড : | ১ | ০ | ৯ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]*

১▶ মি. রহিম সাহেব X দেশে বেড়াতে গেলেন। তিনি দেখলেন সে দেশে উৎপাদন ব্যবস্থা এমনকি চিকিৎসা সেবাও ব্যক্তিগত মালিকানায় পরিচালিত হয়। কিন্তু রহিমের দেশে সরকারি হাসপাতালের পাশাপাশি বেসরকারি ক্লিনিকও আছে।

ক. ইসলামি অর্থব্যবস্থা কী? ১

খ. নির্বাচন সমস্যা কী কারণে সৃষ্টি হয়? ২

গ. X দেশের অর্থব্যবস্থার প্রধান তিনটি বৈশিষ্ট্য লেখ। ৩

ঘ. তুমি কি মনে কর, X দেশের অর্থব্যবস্থা রহিমের দেশের অর্থব্যবস্থার তুলনায় ভালো? তোমার মতামত দাও। ৪

২▶ কোনো দ্রব্যের চাহিদা ও যোগান অপেক্ষক নিম্নরূপ—

$Qd = 9 - 2P$ এবং

$Qs = -1 + 3P$ ।

ক. চলক কাকে বলে? ১

খ. আড়াআড়ি স্থিতিস্থাপকতার মান ঋণাত্মক হলে দ্রব্যদ্বয়ের সম্পর্ক কীরূপ হবে? ২

গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য দাম ও পরিমাণ চিত্রে দেখাও। ৩

ঘ. সরকার সর্বনিম্ন দাম ও টাকা ধার্য করলে চাহিদা ও যোগানের পরিবর্তন চিত্রসহ ব্যাখ্যা করো। ৪

৩▶ যশোরের আফলু মিয়ার ৫০টি খেজুর গাছ আছে। খেজুরের রস দিয়ে সে ১০০ কেজি গুড়ের পাটালি তৈরি করে এবং প্রতি কেজি ৮০ টাকা দামে বিক্রি করে। কিন্তু প্রতি কেজি পাটালি তৈরিতে খরচ হয় ৬০ টাকা।


ক. উৎপাদন কী? ১

খ. উৎপাদনের জন্য শ্রম খুবই গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা করো। ২

গ. আফলু মিয়ার ১০০ কেজি গুড়ের পাটালির মোট আয়, গড় আয় ও প্রান্তিক আয় নির্ণয় করো এবং মন্তব্য করো। ৩

ঘ. আফলু মিয়ার গুড়ের পাটালির মোট খরচ, গড় খরচ ও প্রান্তিক খরচ নির্ণয় করো এবং মন্তব্য করো। ৪

৪▶




Teachingbd.com

ক. কোন বাজারে একজন মাত্র ক্রেতা থাকে? ১
খ. অবাধ প্রবেশ ও প্রস্থান কীভাবে একচেটিয়া বাজারকে পূর্ণ প্রতিযোগিতামূলক বাজার থেকে আলাদা করে? ২
গ. উদ্দীপকে ভারসাম্য বিন্দু নির্দিষ্ট করে মুনাফা নির্ণয় করো। ৩
ঘ. উদ্দীপকে AC রেখা f বিন্দু দিয়ে অতিক্রম করলে উদ্যোক্তা উৎপাদনকার্য পরিচালনা করবেন কিনা? বিশ্লেষণ করো। ৪

৫▶ জনাব নিশাত আহমেদ থ্রি স্টার রেস্তোরাঁয় চাকরি করেন। তিনি মাসিক ১০,০০০ টাকা বেতন পান। এছাড়াও তিনি অতিরিক্ত সুবিধা হিসেবে তিন বেলা খাবার ও আবাসন সুযোগসহ সপ্তাহে একবার সিনেমা দেখার টিকেট পান।

ক. আর্থিক মজুরি কী? ১
খ. শ্রমের যোগান রেখা ডানদিকে ঊর্ধ্বগামী হয় কেন? ২
গ. জনাব নিশাত আহমেদ যে মজুরি পান সেটিই কি প্রকৃত মজুরি? ব্যাখ্যা করো। ৩
ঘ. জনাব নিশাত আহমেদের জীবনমানের অবস্থা আর্থিক মজুরির আলোকে বিশ্লেষণ করো। ৪

৬▶ শামীম সাহেব একটি বিস্কুটের কারখানার মালিক। বিভিন্ন কারণে তার কারখানায় লোকসান দেখা দিলে তিনি কারখানার সাধারণ যন্ত্রপাতি, আসবাবপত্র, ভারি ও হালকা বৈদ্যুতিক সরঞ্জাম ও শিল্পের কাঁচামাল তার ভাইয়ের বিস্কুট কারখানায় স্থানান্তর ও ব্যবহার করেন। দুই ভাই একই সাথে ব্যবসায় করে লাভবান হন।

ক. চলতি মূলধন কী? ১
খ. অর্থনীতিতে মূলধন বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মূলধনের কোন দিকটি ফুটে উঠেছে? ব্যাখ্যা করো। ৩
ঘ. মূলধনের উক্ত দিকটির গুরুত্ব বিশ্লেষণ করো। ৪

৭▶ মি. জামান ও তার ৮ বন্ধু মিলে মূলধন সংগ্রহ করে একটি ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলে। কয়েক বছরের মধ্যে তাদের প্রতিষ্ঠানের সুনাম ছড়িয়ে পড়ে এবং লাভজনক প্রতিষ্ঠানে পরিণত হয়। কিন্তু মূলধনের অভাবে তারা তাদের ব্যবসা প্রতিষ্ঠানের সম্প্রসারণ করতে পারছে না। আবার আইনগত বৈধতা না থাকায় জনগণের কাছ থেকে শেয়ার বিক্রয়ের মাধ্যমে মূলধন সংগ্রহ করতে পারছে না। তাই তারা ব্যবসায় প্রতিষ্ঠানের ধরন পরিবর্তন করে। ফলে জনগণের নিকট শেয়ার হস্তান্তরে কোনো বাধা রইল না।

ক. সংগঠন কী? ১
খ. অংশীদারি কারবারের স্থায়িত্ব কি কম, কেন? ২
গ. উদ্দীপকে মি. জামান ও তার বন্ধুদের বর্তমান ও পূর্বেকার প্রতিষ্ঠানের ধরন ব্যাখ্যা করো। ৩
ঘ. জামান সাহেবদের পূর্বেকার প্রতিষ্ঠান অপেক্ষা বর্তমান প্রতিষ্ঠান অনেক সুবিধাজনক—তোমার মতামত দাও। ৪

৮▶ মৌলভীবাজারে আহাদ সাহেবের একটি তিন তলা বাড়ি আছে। তিনি প্রতিমাসে বাড়িভাড়া বাবদ ৩০ হাজার টাকা তোলেন। সম্প্রতি এলাকাটিতে

http://teachingbd.com

রাস্তাঘাট উন্নয়নসহ বেশকিছু অফিস-আদালত গড়ে ওঠায় তিনি আগের চেয়ে বেশি বাড়িভাড়া পান। আহাদ সাহেবের বাড়িভাড়া বাবদ বর্তমান আয় ৫০ হাজার টাকা।

ক. অর্থনৈতিক খাজনা বলতে কী বোঝায়? ১
খ. খাজনা কেন দেওয়া হয়? ২
গ. বাড়িভাড়া বাবদ আহাদ সাহেবের আয় বৃদ্ধি তোমার পাঠ্যবইয়ের কোন বিষয়ের সাথে সম্পর্কযুক্ত তা ব্যাখ্যা করো। ৩
ঘ. দীর্ঘকালে আহাদ সাহেবের এ ধরনের আয় প্রযোজ্য হবে কি? বিশ্লেষণ করো। ৪

৯▶একটি তিন খাতবিশিষ্ট অর্থনীতির তথ্য নিম্নরূপ: C = 100 + 0.75Y, I = 100, G = 150.

ক. NNP এর পূর্ণরূপ লেখ। ১
খ. সঞ্চয়ের সাথে বিনিয়োগ কীভাবে সম্পর্কিত? ২
গ. উদ্দীপকের আলোকে ভারসাম্য জাতীয় আয় নির্ণয় করো। ৩
ঘ. সরকারি ব্যয় ৫০ টাকা হ্রাস করা হলে ভারসাম্য আয়ের ওপর কী প্রভাব পড়বে? উদ্দীপকের আলোকে আলোচনা করো। ৪

১০▶একটি নির্দিষ্ট অর্থবছরে বুডির দেশের সমগ্র জনগোষ্ঠী ও অন্যান্য সংস্থাসমূহের দ্বারা যে পরিমাণ চূড়ান্ত পর্যায়ের দ্রব্য ও সেবা উৎপন্ন হয় তার বাজার দামের সমষ্টি ৫০ বিলিয়ন ডলার। অন্যদিকে, তার দেশের মোট জাতীয় আয় ৬০ বিলিয়ন ডলার।

ক. জাতীয় আয় কী? ১
খ. সামগ্রিক আয় বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে উল্লিখিত ৫০ বিলিয়ন ডলারকে অর্থনীতির ভাষায় কী? উৎপাদন বলা হয়? ব্যাখ্যা করো। ৩
ঘ. 'উক্ত উৎপাদন সবসময় মোট জাতীয় আয় থেকে কম হয়'— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

১১▶ জনাব রাহাত বেসরকারি অফিসে স্বল্প বেতনে চাকরি করেন। তাই তিনি সংসার চালাতেই হিমশিম খান। তার বন্ধু জনাব আজিজ বলল, কষ্ট তো করছোই, এর মধ্যে ১০০ টাকা করে হলেও টাকা সঞ্চয় করো। এই কথা শুনে জনাব রাহাত ব্যাংকে হিসাব খুলে প্রতি মাসে চারশ টাকা জমা দেন। যার বিপরীতে তিনি ১০ বছর পর এক লক্ষ টাকা পাবেন। তিনি ভাবছেন বন্ধুর পরামর্শ তার জীবন বদলে দিয়েছে। সবাইকে যদি এ পরামর্শ দেয়া যেত তাহলে ব্যক্তি, সমাজ ও দেশ সবাই উপকৃত হতো।

ক. স্থায়ী হিসাব কী? ১
খ. চলতি হিসাব বলতে কী বোঝায়? ২
গ. জনাব রাহাত কোন ধরনের হিসাব খুলেছেন ব্যাখ্যা করো। ৩
ঘ. বন্ধু তার মধ্যে কোন ধরনের অভ্যাস সৃষ্টির পরামর্শ দিয়েছিলেন? সবাইকে এরূপ পরামর্শ দিলে কী লাভ হবে মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    অর্থনীতি প্রথম পত্র: বহুনির্বাচনি অভীক্ষা    বিষয় কোড: | ১ | ০ | ৯ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১. ধনতন্ত্রে 'অদৃশ্য শক্তিকে' কী বলা হয়?**
ক) সরকারি পরিকল্পনা
খ) দাম ব্যবস্থা
গ) জনশক্তি
ঘ) সামাজিক কল্যাণ

**২. ব্যষ্টিক অর্থনীতির ওপর প্রথম পূর্ণাঙ্গ বই কোনটি?**
ক) The General Theory
খ) The Principles of Economics
গ) The Micro Economics Theory
ঘ) The Fundamental Economics

**৩. মিশ্র ও ধনতন্ত্রের মধ্যে মিল হলো—**
i. অবাধ প্রতিযোগিতা বিরাজ করে
ii. মুনাফার উদ্দেশ্যে ব্যবসায় পরিচালিত
iii. সরকারি ও বেসরকারি খাতের সহাবস্থান
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**৪. যদি Qd = 25 – 5p এবং Qs = 5 + 5p হয় তবে ভারসাম্য পরিমাণ কত?**
ক) ১০    খ) ১৫
গ) ২০    ঘ) ২৫

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ৫ ও ৬ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
করিম একজন কমলা বিক্রেতা। রাশেদ কমলা কেনার জন্য করিমের দোকানে যায়। রাশেদ কমলার দাম জিজ্ঞাসা করায় করিম বলে, প্রতিটি কমলার দাম ১০ টাকা। কিন্তু রাশেদ প্রতিটি কমলার জন্য ৫ টাকা দিতে ইচ্ছুক। একপর্যায়ে রাশেদ ও করিম ৭ টাকায় প্রতিটি কমলা ক্রয় ও বিক্রয়ে সম্মত হয়।

**৫. অনুচ্ছেদে ভারসাম্য দাম কত?**
ক) ১০ টাকা    খ) ৭ টাকা
গ) ৫ টাকা    ঘ) ২ টাকা

**৬. অনুচ্ছেদে ভারসাম্য দাম নির্ধারিত হয়েছে—**
i. করিম ও রাশেদের দরকষাকষির মাধ্যমে
ii. চাহিদা ও যোগানের পারস্পরিক প্রভাবে
iii. করিমের বেশি মূল্যে বিক্রয়ের প্রবণতার মাধ্যমে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) ii ও iii
গ) i ও iii    ঘ) i, ii ও iii


**৭. গড় আয়কে (AR) নিম্নোক্ত কোন সমীকরণ দিয়ে লেখা যায়?**
ক) $AT = \frac{TR}{Q}$    খ) $AR = \frac{AT}{Q}$
গ) $AR = \frac{TR}{Q}$    ঘ) $AC = \frac{AC}{Q}$

**৮. মোট স্থির ব্যয় (TFC) রেখার আকৃতি কেমন হয়?**
ক) নিম্নগামী
খ) ঊর্ধ্বগামী
গ) লম্বের সমান্তরাল
ঘ) ভূমির সমান্তরাল

**৯. অপ্রকাশিত স্থির ব্যয়ের অন্তর্ভুক্ত হল—**
i. ফার্মের নিজস্ব বিল্ডিং
ii. স্থায়ী কর্মচারীর বেতন
iii. উদ্যোক্তার পারিশ্রমিক
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii    খ) i ও iii
গ) ii ও iii    ঘ) i, ii ও iii

**১০. পূর্ণ প্রতিযোগিতামূলক বাজারে কোনটি সত্য?**
ক) P = AR > MC    খ) P = AR < MC
গ) P = AR = MC    ঘ) P = AR > MR

**নিচের চিত্রটি লক্ষ কর এবং ১১ ও ১২নং প্রশ্নের উত্তর দাও:**




**১১. উদ্দীপকে উৎপাদনকারীর মুনাফার পরিমাণ হবে—**
ক) ৪ টাকা    খ) ১০ টাকা
গ) ১২ টাকা    ঘ) ২০ টাকা

**১২. চিত্রে গড় ব্যয় (SAC) রেখা স্থানান্তরিত হয়ে S বিন্দুতে স্পর্শক হলে—**
ক) স্বাভাবিক মুনাফা হবে
খ) অ-স্বাভাবিক মুনাফা হবে
গ) লোকসান হবে
ঘ) মুনাফা অপরিবর্তিত

**১৩. শ্রমের পারিশ্রমিককে কী বলে?**
ক) বেতন    খ) আয়
গ) পাওনা    ঘ) মজুরি

**১৪. শ্রমিকের কর্মস্থলের সুনাম, কর্মপরিবেশ, নিয়োগকর্তার ভালো আচরণ নিচের কোনটির অন্তর্ভুক্ত?**
ক) আর্থিক মজুরি    খ) প্রকৃত মজুরি
গ) আর্থিক আয়    ঘ) প্রকৃত আয়

teachingbd.com

http://teachingbd.com

১৫. শ্রমের যোগান নির্ধারণকারী বিষয়গুলো হতে পারে—
i. দেশের শ্রমশক্তির আয়তন
ii. শ্রমের চাহিদা
iii. শ্রমের প্রকৃত মজুরি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚh i ও iii
ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

১৬. জনাব মুস্তাদির হাসান তাঁর ল্যাবে লেমিনার এয়ার ফ্লো কেবিনেট নামের বিশেষ ধরনের এক 'টেবিল টিস্যু কালচার' করে আলুর জীবাণুমুক্ত চারাগাছ উৎপাদন করেন। লেমিনার এয়ার ফ্লো কেবিনেট কোন ধরনের মূলধন?
ক চলতি খ জাতীয়
গ নিমজ্জিত ঘ ভাসমান

১৭. মূলধনের গতিশীলতা বলতে বোঝায়—
ক মূলধনের যোগান খ মূলধনের চাহিদা
গ মূলধনের স্থানান্তর ঘ মূলধনের গঠন

১৮. মূলধন কী?
ক উৎপাদনের উৎপাদিত উপাদান
খ ভোগের ব্যবহৃত উপাদান
গ সঞ্চয় গঠনের উপাদান
ঘ প্রাকৃতিকভাবে সৃষ্ট উপাদান

১৯. খাজনা ও দামের সম্পর্কের ভিত্তিতে কয়টি মতবাদ আছে?
ক ১টি খ ২টি
গ ৩টি ঘ ৪টি

২০. জমির কোন ধরনের যোগানের কারণে খাজনার উদ্ভব হয়?
ক স্থিতিস্থাপক
খ অস্থিতিস্থাপক
গ সম্পূর্ণ স্থিতিস্থাপক
ঘ সম্পূর্ণ অস্থিতিস্থাপক

২১. ভূমির খাজনা দেয়া হয়, কারণ—
i. ভূমির যোগান সীমাবদ্ধ
ii. ভূমির উর্বরতার পার্থক্য আছে
iii. ভূমিতে ক্রমবর্ধমান প্রান্তিক উৎপাদন বৃদ্ধি
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২২. GDP-এর পূর্ণরূপ কোনটি?
ক Gross Domestic Product
খ Gross Dramatic Product
গ Gross Depreciation Product
ঘ Gross Dominative Product

২৩. আয়ের পরিবর্তনে কোন ধরনের বিনিয়োগের পরিবর্তন হয় না?
ক মোট বিনিয়োগ খ নিট বিনিয়োগ
গ স্বয়ম্ভূত বিনিয়োগ ঘ প্ররোচিত বিনিয়োগ

২৪. কোনটি সঞ্চয় সমীকরণ?
ক S = ২০ - ০.৬ Y
খ S = -২০ - ০.৬ Y
গ S = ২০ + ০.৬ Y
ঘ S = -২০ + ০.৬ Y

২৫. কোনটি অসীম বিহিত মুদ্রা?
ক ৫০০ টাকার চেক
খ ৫০০ টাকার ড্রাফট
গ ৫০০ টাকার নোট
ঘ ৫০০ টাকার প্রাইজবন্ড

২৬. অংশীদারি ব্যবসায়ের মূল ভিত্তি কী?
ক চুক্তি খ বিশ্বাস
গ দক্ষতা ঘ মূলধন

২৭. ঐচ্ছিক মুদ্রা হল—
i. চেক
ii. ব্যাংক ড্রাফট
iii. সঞ্চয় পত্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. জন মেনার্ড কেইন্স-এর মতে মুদ্রার চাহিদার কারণ কয়টি?
ক ২টি খ ৩টি
গ ৪টি ঘ ৫টি

নিচের উদ্দীপক অনুসারে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:
অভ্যন্তরীণ দামস্তরের স্থিতিশীলতা রক্ষার্থে সম্প্রতি 'X' দেশটির কেন্দ্রীয় ব্যাংক উচ্চ সুদের হারে ১০ বছর মেয়াদি প্রতিটি ১,০০,০০০ (এক লক্ষ) টাকা মূল্যমানের "জাতীয় দুর্যোগ প্রশমন" সঞ্চয়পত্র ইস্যুর সিদ্ধান্ত নেয়।

২৯. উদ্দীপকে কেন্দ্রীয় ব্যাংকের কোন ধরনের প্রচেষ্টা বর্ণিত হয়েছে?
ক খোলাবাজার কার্যক্রম
খ ঋণের রেশনিং
গ নতুন নোটের প্রচলন
ঘ বিনিময় হার নির্ধারণ

৩০. দেশটির কেন্দ্রীয় ব্যাংকের লক্ষ্য অর্জনে আরও যে পদক্ষেপ সুপারিশ করা যায় তা হলো—
i. নগদ জমার হার বাড়ানো
ii. ব্যাংক হার কমানো
iii. অনুৎপাদনশীল খাতে ঋণের প্রবাহ কমানো
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | গ | ১১ | খ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | খ | ২০ | খ | ২১ | ক | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | খ |

Teachingbd.com